গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

**২০২০ - ২০২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব শেখ মুজিবর রহমান
মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
সভার স্থান : সভাকক্ষ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
সভার তারিখ : ০৪ মার্চ, ২০২১খ্রি.
সভার সময় : বেলা ২.০০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ বাস্তবায়নকল্পে খাদ্য অধিদপ্তরের নৈতিকতা কমিটির ৩য় সভায় অংশগ্রহণকারী সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপপরিচালক (সংস্থাপন) কে আহ্বান জানান। তদানুযায়ী উপপরিচালক (সংস্থাপন) আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে তুলে ধরলে সভায় তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা মোতাবেক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | নৈতিকতা কমিটির সভা সংক্রান্ত বিষয়ে আলোচনা | সভায় নৈতিকতা কমিটির সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয় | কোয়ার্টার ভিত্তিক নৈতিকতা কমিটির নিয়মিত সভা আয়োজন করতে হবে। | প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর |
| ০২ | ইন-হাউস প্রশিক্ষণ বিষয়ক আলোচনা | সভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ইন-হাউস প্রশিক্ষণ বিষয়ে আলোচনা হয় | ইতোমধ্যে ২৬০ জন কর্মকর্তা/কর্মচারীকে ইন-হাউস প্রশিক্ষণ প্রদান করায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। পাশাপাশি পরিকল্পনা অনুযায়ী অবশিষ্ট কর্মকর্তা/কর্মচারিদের ইন-হাউস প্রশিক্ষণ আয়োজনের উপর গুরুত্বারোপ করা হয়। | পরিচালক, প্রশিক্ষণ/প্রশাসন/ হিসাব ও অর্থ বিভাগ/সিস্টেম এনালিস্ট |
| ০৩ | ই-ফাইলিং বিষয়ক আলোচনা | সভায় খাদ্য অধিদপ্তরসহ মাঠপর্যায়ের সকল স্থাপনার ই-ফাইলিং পদ্ধতি বিষয়ে আলোচনা হয় | i) খাদ্য ভবনে ই-ফাইলে নিষ্পন্ন নোটের ও মাঠ পর্যায়ে ই-ফাইলে নিষ্পন্ন নোটের সংখ্যা ৬০% ভাগে উন্নীত করতে হবে।<br>ii) অধিদপ্তরাধীন যে সমস্ত স্থাপনায় এখনো ই-ফাইলিং কার্যক্রম চালু হয়নি; ঐ সমস্ত স্থাপনায় দ্রুততম সময়ের মধ্যে ই-নথি চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল পরিচালক/ অতিরিক্ত পরিচালক/ সিস্টেম এনালিস্ট/ সাইলো অধীক্ষক/ আঞ্চলিক/জেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ০৪ | শুদ্ধাচার পুরস্কার বিষয়ক আলোচনা | সভায় ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ে আলোচনা করা হয় | জাতীয় শুদ্ধাচার নীতিমালা অনুযায়ী ৪র্থ কোয়ার্টারের মধ্যে ২০২০-২০২১ অর্থ বছরে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে | সকল পরিচালক/ অতিরিক্ত পরিচালক/ সাইলো অধীক্ষক/ আঞ্চলিক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং/ সিস্টেম এনালিস্ট |

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৫ | CAMS সফটওয়্যার পাইলটিং বিষয়ক আলোচনা | ৮টি বিভাগের ৮টি উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচীর জন্য CAMS সফটওয়্যার পাইলটিং কার্যক্রম চালুর বিষয়ে সভায় আলোচনা করা হয় | আগামী জুন/২০২১ এর মধ্যে খাদ্য বান্ধব কর্মসূচীর জন্য CAMS সফটওয়্যার পাইলটিং সম্পন্ন করতে হবে। | পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপনন বিভাগ এবং ইনোভেশন টিম |
| ০৬ | কৃষকের অ্যাপ কার্যক্রম সম্প্রসারণ বিষয়ক আলোচনা | কৃষকের নিকট থেকে ধান ক্রয়ের লক্ষ্যে কৃষকের অ্যাপ কার্যক্রম সম্প্রসারণ বিষয়ে সভায় আলোচনা করা হয় | ২য় কোয়ার্টারের মধ্যে ৭৯টি উপজেলায় কৃষকের অ্যাপ কার্যক্রম সম্প্রসারণ করায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। আগামী বোর মৌসুমে কৃষকের অ্যাপ সম্প্রসারণে উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক, সংগ্রহ বিভাগ ও ইনোভেশন টিম |
| ০৭ | চালকলের মিলিং ক্ষমতা নির্ণয় সফটওয়্যার পাইলটিং | চালকলের মিলিং ক্ষমতা নির্ণয় সফটওয়্যার পাইলটিং বিষয়ে সভায় আলোচনা করা হয় | চালকলের মিলিং ক্ষমতা নির্ণয় সফটওয়্যার ১৮টি উপজেলায় পাইলটিং কার্যক্রম গ্রহণ করায় সংশ্লিষ্টদেরকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। আগামী বোর মৌসুমে চালকলের মিলিং ক্ষমতা নির্ণয় সফটওয়্যারের সম্প্রসারণে উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক, সংগ্রহ বিভাগ ও ইনোভেশন টিম |
| ০৮ | নিয়োগ সংক্রান্ত আলোচনা | অর্থ মন্ত্রণালয়ের ১৪/০২/২০২১ তারিখের ৭৫ নং স্মারকে খাদ্য অধিদপ্তরের ১০ ক্যাটাগরির ১০৩৫টি শূন্য পদে জনবল নিয়োগ পরীক্ষা গ্রহণের বিষয়ে অর্থ বিভাগের ২৪/১১/২০২০ তারিখের ৯৫৪ নং পরিপত্রের নির্দেশনা শিথিলপূর্বক আইআইসিটি, বুয়েট এর মাধ্যমে নিয়োগ পরীক্ষা সম্পন্নকরণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পাওয়ার পরে খাদ্য অধিদপ্তর হতে PPR-২০০৮ অনুযায়ী একক উৎসভিত্তিক বুদ্ধিভিত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের নিমিত্ত আইআইসিটি, বুয়েটকে প্রস্তাবনা প্রেরণের অনুরোধ জানানো হয়। খাদ্য অধিদপ্তরের প্রস্তাবের প্রেক্ষিতে আইআইসিটি, বুয়েট দ্বি-পাক্ষিক আলোচনা সভার আমন্ত্রণ জানান। এর প্রেক্ষিতে খাদ্য অধিদপ্তরের বিভাগীয় নির্বাচন কমিটি ও লজিস্টিক সাপোর্ট কমিটি সদস্যগণ ২৫/০২/২০২১ তারিখে বুয়েটে সভায় অংশগ্রহণ করে। পরবর্তীতে ০৭/০৩/২০২১ তারিখের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে বিভাগীয় নির্বাচন কমিটির সদস্যসহ সভা অনুষ্ঠিত হয় মর্মে সভায় আলোচন হয় | আইআইসিটি, বুয়েট এর ২৭/০২/২০২১ তারিখের ০২ নং স্মারকে কারিগরি ও আর্থিক প্রস্তাব পাওয়া গেছে। নিগোসিয়েশনের পর চুক্তি সম্পাদন ও পরীক্ষা গ্রহণ কার্যক্রম গ্রহণ করা হবে | পরিচালক, প্রশাসন/ নিয়োগ কমিটি |
| ০৯ | উত্তম চর্চার তালিকা বিষয়ক আলোচনা | সভায় উত্তম চর্চার তালিকা বিষয়ে আলোচনা করা হয় | খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ০৬/১২/২০২০ তারিখের ১৩৯৩ নং স্মারকে উত্তম চর্চার তালিকা খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর |

৩। আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

(শেখ মুজিবর রহমান)
মহাপরিচালক
ফোন-৯৫৮৪৮৩৪
dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৬.০০১.১৮ (অংশ-০৪). ২০২৮ (২৬) তারিখ: ২৬/০৩/২০২১খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৩। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৪-১০। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১১। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।

১২-১৪। অতিঃ পরিচালক, প্রশাসন/অভ্যন্তরীণ নিরীক্ষা/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৫-২১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।

২২। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

২৩। সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৪। অফিস কপি।

২২/৩/২১

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপপরিচালক (সংস্থাপন)
ফোন- ৯৫৬১২০৯
dd.est@dgfood.gov.bd